অতিব জরুরি

২য় অনুস্মারক পত্র

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৭.১৪-৫৫৩

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৬ / ৩১ অক্টোবর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৩৩৭/১৯ এর আদেশের প্রেক্ষিতে রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ মামলার ১৭.০৭.১৪ খ্রি. তারিখের রায়/আদেশের আলোকে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর বকেয়া বেতন ভাতা (এমপিও) ২০০৯-১০ অর্থবছর হতে প্রদানের বিষয়ে আইনগত মতামত প্রেরণ।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৭.১৪-৫০৯ তারিখ: ০১.১০.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.০৫.১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ৩১.০৫.১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ দায়ের করা হয়।

০২। রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৭.০৭.১৪ খ্রি. তারিখে নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়:
"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order. (সংলাগ-১)।

০৩। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৭২৪/১৫ দায়ের করা হলে তা ২৬.০৭.১৫ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের ২৬.০৭.১৫ তারিখের আদেশটি নিম্নরূপ: (সংলাগ-২)।
"The leave petition is out of time by 244 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation"

০৪। পরবর্তীতে উক্ত আদেশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২১.১০.১৫ খ্রি. তারিখের ৪০৪ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করা হয়। এমপিওভুক্তকরণের সরকারি আদেশে ২নং অনুচ্ছেদের ৬নং শর্তে "এমপিওভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে" মর্মে উল্লেখ রয়েছে (সংলাগ-৩)। তদপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর (DTE) কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে মার্চ/১৬ মাসে এমপিওভুক্ত করা হয়।

০৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এমপিওভুক্তির জারিকৃত আদেশে স্পষ্টভাবে উল্লেখ ছিল যে, "এমপিওভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে"। সুতরাং এমপিওভুক্তির আদেশ হয়েছে ২১.১০.১৫ খ্রি. তারিখে যা মহামান্য হাইকোর্টের আদেশের অনুরূপ ছিল না। এমপিওভুক্তির আদেশ কোর্টের আদেশের অনুরূপ না হওয়া সত্ত্বেও মন্ত্রণালয়ের আদেশের (এমপিওভুক্তি বিষয়ে) বিষয়ে আবেদনকারীর কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত এমপিওভুক্তির আদেশ মেনে নিয়েছেন মর্মে স্পষ্ট হয়।

০৬। অত:পর বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক রিট মামলার পূর্ণাঙ্গ রায় অর্থাৎ ২০০৯-১০ অর্থবছর হতে শিক্ষক-কর্মচারীদের অনুকূলে বকেয়া বেতন ভাতা ছাড়করণের জন্য মহাপরিচালক, DTE বরাবর আবেদন করা হয়। পিটিশনার জনাব মো: আশরাফ আলী কর্তৃক মহামান্য হাইকোর্টের আদেশ মোতাবেক পিটিশনারগণের আর্থিক সুবিধাদি ২০০৯-১০ অর্থবছর হতে প্রাপ্তির নিমিত্ত মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৩৭/১৯ (রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ হতে উদ্ভূত) দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় ১নং Contemnor- Respondents হলেন যথাক্রমে মো: আলমগীর, সচিব, TMED, শিক্ষা মন্ত্রণালয় এবং ২নং Contemnor- Respondents রওনক মাহমুদ, মহাপরিচালক, DTE

০৭। উক্ত কনটেম্পট মামলায় ১৭.০৬.১৯ খ্রি. তারিখে নিম্নরুপ আদেশ দেয়া হয়: --as to why a rule should not be issued calling upon the respondent-contemnors as to why they should not be punished for committing contempt of court for non-compliance judgment and order dated 17.7.14 passed by the high court division in W.P. No. 4937 of 2014 and/or pass such other or further order or orders passed as to this court may seem fit and proper উক্ত কনটেম্পট মামলার রুলে Let the matter be appeared in the list on 15.07.2019 for order উল্লেখ করা হয়েছে (সংলাগ-৪)।

০৮। পিটিশনার কর্তৃক অব্যাহতভাবে ০৪ (চার) বছর এমপিও প্রাপ্তির পর মহামান্য আদালতের আদেশ মতে বকেয়া এমপিও পাওয়ার আবেদন Estoppel দ্বারা এবং ট্রেজারী রুল ৬১ দ্বারা বারিত কিনা বা বকেয়া প্রদানের ক্ষেত্রে অন্য কোনরুপ আইনগত প্রতিবন্ধকতা আছে কিনা, সে বিষয়ে আইনগত মতামত আবশ্যক।

০৯। এমতাবস্থায়,শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এমপিওভুক্তির আদেশ মহামান্য আদালতের ১৭.০৭.১৪ তারিখের আদেশের অনুরূপ না হওয়া সত্ত্বেও মন্ত্রণালয়ের আদেশের (এমপিওভুক্তির বিষয়ে) বিষয়ে আবেদনকারী কর্তৃক কোন আপত্তি উত্থাপন না করে অব্যাহতভাবে ০৪ (চার) বছর বেতন ভাতা (এমপিও) প্রাপ্তির পর মহামান্য আদালতের (রিট মামলার) আদেশ মতে বকেয়া এমপিও পাওয়ার আবেদন Estoppel দ্বারা এবং ট্রেজারী রুল ৬১ দ্বারা বারিত কিনা বা বকেয়া প্রদানের ক্ষেত্রে অন্য কোনরুপ আইনগত প্রতিবন্ধকতা আছে কিনা, সে বিষয়ে আইনগত মতামত ২২.১০.১৯ তারিখের মধ্যে প্রদানের জন্য সূত্রে বর্ণিত স্মারকমূলে অনুরোধ করা হলেও দীর্ঘ ০৮ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও চাহিত মতামত পাওয়া যায়নি বিধায় কনটেম্পট মামলায় সরকার পক্ষে compliance report দাখিলের জন্য উক্ত মতামত আগামী ১২.১১.১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১. রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ এর রায়ের কপি-০৯ (নয়) পাতা।
২. আপীল মামলা নং-৭২৪/১৫ এর রায়ের কপি -০১ (এক) পাতা।
৩. মন্ত্রণালয় কর্তৃক ২১.১০.১৫ তারিখের এমপিওভুক্তির কপি- ০২ (দুই) পাতা।
৪. কনটেম্পট পিটিশন নং-৩৩৭/১৯ এর রুলের কপি- ০১ (এক) পাতা।
} ইতোপূর্বে প্রেরিত।

(এ. কে. এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৯৫৭৪০৯০

সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৭.১৪-৫৫৩/১(৬)

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৬ / ৩১ অক্টোবর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অধ্যক্ষ, হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, ডাক-ছাতনী রাউতারা, উপজেলা-হাকিমপুর, জেলা-দিনাজপুর।
৭। অফিস কপি/মাস্টার কপি।

এ. কে. এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৯৫৭৪০৯০